দৈনিক সংবাদ

তারিখ 29 DEC 1988
পৃষ্ঠা ... কলাম ...

48

# চাকসু নির্বাচনের পূর্বে ক্যাম্পাস ও হল থেকে অস্ত্র উদ্ধারের দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৮শে ডিসেম্বর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১১টি ছাত্র সংগঠন আগামী ৮ই ফেব্রুয়ারী অনুষ্ঠেয় চাকসু নির্বাচনের পূর্বে ক্যাম্পাস ও হল থেকে বেআইনী অস্ত্র উদ্ধার, অস্ত্রধারীদের গ্রেফতার এবং সন্ত্রাসের অভিযোগে বহিস্কৃত বলে ঘোষিত দশজন ছাত্রকে ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণার দাবী জানিয়েছে।

এক যুক্ত বিবৃতিতে সংগঠনের নেতৃবৃন্দ সুষ্ঠু ও অবাধ নির্বাচনের লক্ষ্যে নিরপেক্ষ নির্বাচন কমিশন গঠনের দাবী জানান।

(শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন)

## চাকসু

(১ম পাতার পর)

জাতীয়তাবাদী ছাত্রদল চাকসু নির্বাচন সংক্রান্ত ঘোষণাকে স্বাগত জানিয়ে নির্বাচনে সকল ছাত্র সংগঠনের অংশগ্রহণ নিশ্চিত, নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ ও নিরাপত্তার ব্যবস্থা এবং শিক্ষা পরিবেশ পরিষদ কার্যকর করার দাবী জানিয়েছে।